

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৬৪৯ (আগরতলা ১০-০৮-২০১৭)

উদয়পুর, ১০ আগষ্ট, ২০১৭

উদয়পুর ইংরেজি মাধ্যম বিদ্যালয়ের
প্রতিষ্ঠা দিবস উদযাপিত

উদয়পুর ইংরেজি মাধ্যম উচ্চ বুনিয়াদি বিদ্যালয়ের ২৭তম প্রতিষ্ঠা দিবস ও বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠান আজ রাজর্ষি মিলনায়তনে আয়োজিত হয়। এর উদ্বোধন করেন পর্যটন মন্ত্রী রতন ভৌমিক। উদ্বোধকের ভাষণে তিনি বলেন, রাজ্য সরকার সর্বত্র বিদ্যালয়ের পরিকাঠামোর উন্নয়নে বহুমুখী পদক্ষেপ নিয়েছে। কলেজ স্তর পর্যন্ত এখানে অবৈতনিক শিক্ষার সুযোগ রয়েছে। উচ্চ শিক্ষার সুযোগ সম্প্রসারণে রাজ্যে তিনটি বিশ্ববিদ্যালয় কাজ করছে। শিক্ষার ক্ষেত্রে এই সুযোগের সদ্ব্যবহার করতে তিনি সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান। পাশাপাশি ছাত্রছাত্রীদের সমাজের প্রতি দায়বদ্ধ ও সুনামগরিক হিসেবে গড়ে উঠতেও তিনি আহ্বান জানান। বিশেষ অতিথির ভাষণে বিধায়ক মাধব সাহা জানান, আগামী অর্থবর্ষে সারা রাজ্যে প্রচুর ইংরেজি মাধ্যম বিদ্যালয় চালু হবে। এর মধ্যে উদয়পুরেও অনেকগুলি ইংরেজি মাধ্যমের বিদ্যালয় চালু হবে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উদয়পুর পুর পরিষদের চেয়ারপার্সন সুব্রত দেব, শিক্ষা দপ্তরের গোমতী জেলার উপ-অধিকর্তা লক্ষণ দাস, বিদ্যালয় পরিচালন কমিটির চেয়ারম্যান বকুল দত্ত প্রমুখ। সভাপতিত্ব করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষক হারাধন সাহা। অনুষ্ঠানে শিক্ষা ও খেলাধুলায় বিভিন্ন বিভাগে কৃতিত্ব অর্জনকারী ছাত্রছাত্রীদের পুরস্কৃত করা হয়।
